প্রশ্নাবলী

১. “আইডিয়া”র সংজ্ঞা কি?

কোন একটি সমস্যার সমাধানের জন্য যে কোন ধারণাই একটি “আইডিয়া”। তবে আইএফডি যে ধরণের আইডিয়া চাচ্ছে, তা কোন সাধারণ আইডিয়া নয়। কোন একটি সমস্যা সমাধানে যে আইডিয়া আগে কখনো বলা হয়নি, অথচ এই আইডিয়াটির মাধ্যমে সমস্যাটির সমাধান করা যাবে, সেই ধরণের আইডিয়াই আমরা আপনার কাছে চাচ্ছি।

এই ধরণের আইডিয়াকে নতুন হলেই চলবে না, এই আইডিয়াগুলো বাস্তবায়নযোগ্যও হতে হবে। আইডিয়াটি যদি ব্যয়বহুল হয় কিংবা বাস্তবতাবিবর্জিত হয়, তাহলে সেই আইডিয়াটির কোন মূল্য নেই।

অতএব, আইএফডি’তে প্রচারিত হওয়ার জন্য আপনার আইডিয়াটির নিম্নোক্ত গুণাবলী থাকতে হবেঃ

ক. আপনার আইডিয়াটির মাধ্যমে একটি সমস্যার সমাধান হতে হবে।
খ. আইডিয়াটিকে বাস্তবায়নযোগ্য হতে হবে।
গ. আইডিয়াটি কিভাবে বাস্তবায়িত করা যাবে, তার বর্ণনা থাকতে হবে।
ঘ. আইডিয়াটি বাস্তবায়নের জন্য যে সকল প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হবে এবং সেই সকল বাধা কি করে দুর করা যাবে, তার বিশ্লেষণ থাকতে হবে।
ঙ. আইডিয়াটি এমন হতে হবে যা আগে কখনো বলা হয়নি।

এখানে উল্লেখ্য, আইএফডি মুলত দুই ধরণের আইডিয়া প্রচার করবেঃ

ক. **সম্পুর্ণ নতুন আইডিয়া** (Original Ideas)ঃ এই ধরণের আইডিয়ার বিশেষত্ব হল এই আইডিয়াগুলি আগে কোথাও প্রচার করা হয়নি।

খ. **আইডিয়া অনুকরণ** (Idea Replication)ঃ এমন অনেক আইডিয়া রয়েছে যা অন্যান্য দেশে অনুসৃত হচ্ছে, কিন্তু বাংলাদেশে সচেতনতার অভাবে কেউ এই সকল

আইডিয়া নিয়ে চিন্তা করছে না। তাই কেউ যদি বাংলাদেশের প্রেক্ষাপটে এই আইডিয়াগুলি বিশ্লেষণ করে একটি বাস্তবভিত্তিক পরিকল্পনা পাঠান, তাহলে তা আইএফডিতে প্রচারের জন্য মনোনীত হবে। তবে এই ক্ষেত্রে লেখককে জানাতে হবে তিনি এই আইডিয়া কোথা থেকে পেয়েছেন।

২. আইএফডিতে আইডিয়া পাঠানোর নিয়ম কি?

আইএফডিতে আইডিয়া পাঠাতে কোন বাধা ধরা নিয়ম নেই। আপনি বাংলা বা ইংরেজিতে আপনার আইডিয়া লিখে আমাদের কাছে ইমেইল করতে পারেন। ইমেইল করার ঠিকানা ideasfd@gmail.com। তবে আপনার আইডিয়া যদি মুল্যবান হয়, তাহলে আমরা অনুরোধ করব ইমেইলে আইডিয়াটি না পাঠানোর জন্য, কারণ ইমেইল যোগাযোগের ১০০% নিরাপত্তা নেই। তাই এই সকল মুল্যবান আইডিয়া পাঠাতে প্রাথমিকভাবে আমাদের কাছে ইমেইল করে আপনার আগ্রহ ব্যক্ত করুন। পরবর্তীতে আমরা আপনাকে একটি পোস্টাল এড্রেস দেব যেখানে আপনি পোস্টে বা কুরিয়ারে আপনার আইডিয়া পাঠাতে পারবেন।

৩. আইএফডিতে আইডিয়া পাঠালে তা কতোদিনের মধ্যে প্রচারিত হবে?

এটি সম্পুর্ণরূপে নির্ভর করবে আইডিয়াটির উপর। আপনার আইডিয়া যদি সম্পুর্ণ হয় এবং কোন পরিবর্তন বা পরিমার্জনের প্রয়োজন না থাকে, তাহলে আপনার আইডিয়া তাৎক্ষণিকভাবেই প্রচারিত হবে। আর যদি আইডিয়াটি সম্পুর্ণ করার জন্য প্রচুর পড়াশোনা এবং গবেষণার প্রয়োজন হয়, তাহলে এই আইডিয়া প্রচারে সময় বেশি লাগতে পারে।

আপনার আইডিয়াটিতে যদি নীচের বিষয়গুলির বিস্তারিত উল্লেখ থাকে, তাহলে আপনার আইডিয়া নির্বাচন করতে আমাদের সময় কম লাগবেঃ

ক. আইডিয়াটির মাধ্যমে কোন সমস্যাটির সমাধান করা হবে;
খ. সমস্যাটির কারণ কি কি;
গ. আপনার প্রস্তাবিত আইডিয়ার মাধ্যমে কারণগুলিকে কিভাবে দুর করা হবে;
ঘ. আপনার আইডিয়া বাস্তবায়নের পথে কি কি প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হবে;
ঙ. এই প্রতিবন্ধকতাগুলি কিভাবে দুর করা যাবে;
চ. আপনার আইডিয়ার দুর্বলতাগুলি কি কি;
ছ. আপনার আইডিয়াটির বাস্তবায়ন করবে কে?

জ. এই বাস্তবায়ন কার্যক্রম কি ব্যয়বহুল? যদি ব্যয়বহুল হয়, তাহলে এই টাকা কে দেবে, বা কোথা থেকে আসবে?

পাঠকরা একটি পূর্ণাঙ্গ আইডিয়া কিভাবে উপস্থাপন করতে হয়, তা জানার জন্য আইএফডি এক্সক্লুসিভ পেপার ১ পড়তে পারেন। এই পেপারটিতে দুর্নীতির কারণ চিহ্নিত করে এই কারণগুলিকে দুর করার জন্য একটি মডেল প্রস্তাব করা হয়েছে। এই মডেল কিভাবে বাস্তবায়ন করতে হবে, তা করতে গিয়ে কি কি সমস্যার মুখোমুখি হতে হবে, সেই সমস্যাগুলোকে আবার কিভাবে দুর করা যাবে, তার সব বিষয়েরই উল্লেখ করা হয়েছে পেপারটিতে। পেপারটিতে মডেলটির দুর্বলতাও চিহ্নিত করা হয়েছে। তাছাড়া এই মডেলটি বাস্তবায়ন করতে গিয়ে প্রয়োজনীয় টাকা কোথা থেকে আসবে, তারও বিবরণ দেয়া হয়েছে পেপারটিতে।

এখানে বিশেষভাবে উল্লেখ্য, যে কোন আইডিয়া পেলেই আইএফডি তা প্রচার করবে না। বরং একটি আইডিয়ার মাধ্যমে সমাজ কতটুকু উপকৃত হবে, সেটাই হবে আইডিয়া নির্বাচনের মূল ভিত্তি।

৪. আইএফডিতে আইডিয়া পাঠাতে কোন ফি দিতে হবে কিনা?

আইএফডিতে আইডিয়া পাঠাতে কোন প্রকার ফি দিতে হবে না। আপনাকে শুধু ইমেইল কিংবা পোস্টের খরচ বহন করতে হবে। আপনার আইডিয়া প্রচারের জন্য নির্বাচিত হলেও পরবর্তীতে আপনার কাছে কোন ফি চাওয়া হবে না।

৫. আইএফডিতে আইডিয়া পাঠালে আমার আইডিয়া যদি চুরি হয়ে যায় তাহলে কি হবে?

আইডিয়া চুরি করে তারাই যারা জীবনে কোনদিন নতুন কোন আইডিয়া দিতে পারেনি। আইএফডি যেহেতু ইতিমধ্যেই একটি বড় আইডিয়া দিয়েছে এবং ভবিষ্যতেও দেবে ইনশাল্লাহ, সেহেতু আইএফডির প্রতিষ্ঠাতা একজন আইডিয়ার কারিগর। একজন আইডিয়ার কারিগরের পক্ষেই সম্ভব আরেকজন আইডিয়ার কারিগরের সঠিক মূল্যায়ন করা। তাই আপনার আইডিয়া আইএফডিতে পাঠালে আইএফডি তা চুরি করে ফেলবে, এই রকম কোন আশঙ্কা আপনার নেই।

বরং আইএফডিতে আপনার মুল্যবান কোন আইডিয়া পাঠালে সেই আইডিয়ার বিপরীতে একটি প্রাপ্তি স্বীকারপত্র দেয়া হবে যা আপনার আইডিয়াকে সংরক্ষণ করতে সহায়তা করবে।

৬. আইএফডি কার টাকায় চলে?

আইএফডি বর্তমানে চলছে তার প্রতিষ্ঠাতার টাকাতেই। তিনি চাকরি করে যে বেতন পান, তার একটি অংশ তিনি আইএফডি'র জন্য ব্যয় করেন। আইএফডি'র প্রতিষ্ঠাতা এর জন্য কারো কাছে কোন আর্থিক সাহায্য প্রার্থনা করেননি।

৭. আইএফডি কোন টাকা ছাড়াই আইডিয়া চাচ্ছে কেন? এতে আইএফডি'র স্বার্থ কি?

আইএফডি'র এতে কোন আর্থিক স্বার্থ নেই। আইএফডি বিশ্বাস করে একটি মুল্যবান আইডিয়া যদি আইএফডি'র মাধ্যমে প্রচারিত হয় এবং তা যদি পরবর্তীতে বাস্তবায়িত হয়, তাহলে আইএফডিও এর মাধ্যমে উপকৃত হবে। কারণ আইএফডি'র প্রতিষ্ঠাতা একজন প্রবাসী হলেও তার বাবা-মা এবং ভাই-ভাবি বাংলাদেশেই বসবাস করেন। তাই বাংলাদেশের যে কোন সমস্যা আইএফডি'র প্রতিষ্ঠাতাকেও পরোক্ষ বা প্রত্যক্ষভাবে আক্রান্ত করে। ঢাকায় যানজট হলে তারাও যেমন ঘন্টার পর ঘন্টা রাস্তায় আটকে থাকেন, তেমনি বিদ্যুৎ সমস্যা হলে তারাও অন্যান্যদের মত অন্ধকারে নিমজ্জিত থাকেন।

আবার আইএফডি'র প্রতিষ্ঠাতা শুধুমাত্র বাংলাদেশেরই নাগরিক। তিনি অন্য কোন দেশের নাগরিক নন। তার স্ত্রী এবং বাচ্চারাও শুধুমাত্র বাংলাদেশেরই নাগরিক। আইএফডি'র প্রতিষ্ঠাতা অন্য কোন দেশের নাগরিকত্ব নেয়ার জন্য অতীতে কখনো আবেদন করেননি। তাই বাংলাদেশি পাসপোর্ট নিয়ে বিদেশে গেলে কিংবা বসবাস করলে অন্যান্যদের যে সকল অসুবিধার মুখোমুখি হতে হয়, আইএফডি'র প্রতিষ্ঠাতাকেও একই সমস্যার মুখোমুখি হতে হয়।

তাই এই সকল সমস্যা থেকে নিজেকে বাঁচানোর জন্যই আইএফডি'র প্রতিষ্ঠাতা সকলের কাছে আইডিয়া চাচ্ছেন যাতে এই আইডিয়াগুলো প্রচার করে সমস্যাটির সমাধানের ব্যাপারে সচেতনতা সৃষ্টি করা যায়। সবাই সচেতন হলে এই সমস্যাগুলির সমাধান হবে দ্রুত। ফলে এই আইডিয়াগুলি বাস্তবায়িত হলে উপকৃত হবেন সবাই। মুলত এই কারণেই আইএফডি নামের বিনে পয়সার এই প্ল্যাটফর্ম তৈরি করা হয়েছে।

৮. আইএফডিতে আইডিয়া পাঠানোর যোগ্যতা কি?

আইএফডিতে আইডিয়া পাঠাতে আপনার কোন যোগ্যতার প্রয়োজন নেই। আপনার আইডিয়াটি যদি নতুন হয়, এবং তার যদি আবশ্যকীয় গুণাবলীগুলি থাকে, তাহলে কোন প্রকার যোগ্যতা জিজ্ঞেস করা ছাড়াই আইএফডি আপনার আইডিয়া প্রচার করবে। তাই আপনি টোকাই, নাকি রিক্সাচালক, নাকি শিক্ষক, নাকি সরকারি কর্মকর্তা, নাকি একজন পিএইচডি ডিগ্রীধারী স্বনামধন্য ব্যক্তি, তা আইএফডি'র বিবেচনার বিষয় নয়। আমাদের বিবেচনার বিষয় হল আপনি যে সমস্যাটির সমাধানের জন্য আইডিয়াটি আমাদের কাছে পাঠিয়েছেন, তা সমস্যাটির সত্যিই সমাধান করবে কিনা।

৯. আইএফডি আমার আইডিয়া প্রচার করার পর তার বাস্তবায়ন হবে কি করে?

আইএফডি শুধু আপনার আইডিয়ার প্রচারের প্ল্যাটফর্ম হিসাবে কাজ করবে। আইডিয়াটির বাস্তবায়নের দায়িত্ব আইএফডির নয়। কারণ অনেক ক্ষেত্রেই একটি আইডিয়া বাস্তবায়নের জন্য সরকার কিংবা কোন সংস্থা বা প্রতিষ্ঠানের সাহায্যের প্রয়োজন হয়। তাই আপনার আইডিয়াটি প্রচারের পর আপনি যে এই ধরণের সাহায্য পাবেন, তার কোন নিশ্চয়তা আইএফডি দেবে না।

১০. আমি ইমেইল করতে পারি না। পোস্টে আইডিয়া পাঠানোও আমার পক্ষে সম্ভব নয়। আর আমি লেখাপড়াও ভাল জানি না। তাই আমি কিভাবে আইডিয়া পাঠাবো?

আপনি লেখাপড়া কি করে করতে হয় এবং ইমেইল কি করে পাঠাতে হয়, তা শিখে ফেলুন। তারপর আমাদের কাছে আইডিয়া পাঠান।

১১. আমি এই নিয়ে ১০ বার আইডিয়া পাঠালাম। কোন আইডিয়াই সিলেক্ট হল না। আমার তাহলে কি করা উচিত?

আপনার আরো বেশি করে আমাদের কাছে আইডিয়া পাঠানো উচিত। কারণ আপনার মাঝে আগ্রহ আছে, স্পৃহা আছে। তাই আগের আইডিয়াগুলি কেন প্রচারিত হয়নি, তা জেনে আপনার পরবর্তী কৌশল ঠিক করুন এবং আইডিয়া পাঠান।

১২. আইএফডির ভবিষ্যৎ লক্ষ্য কি?

আইএফডির লক্ষ্য হল আগামী পাঁচ বছরের মধ্যে অন্তত আরো একটি এক্সক্লুসিভ পেপার তৈরি করা, অন্তত তিনটি পলিসি পেপার তৈরি করা, দশটি স্পেশাল আর্টিকেল তৈরি করা এবং অন্তত একজন নতুন আইডিয়ার কারিগরকে সবার সাথে পরিচয় করিয়ে দেয়া। আপাতত এটাই আমাদের লক্ষ্য।

©Ideas for Development (IFD)
www.ideasfd.org, ideasfd@gmail.com